

প্রতিদিন অন্ততঃ একবার বাকাশিবোর
ওয়েবসাইট www.bteb.gov.bd
ভিজিট করুন।



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
এইচএসসি (বিএমটি) শাখা
www.bteb.gov.bd



এইচএসসি (বিএম/বিএমটি), ভোক: ও ডিপ্লোমা ইন কমার্স পরীক্ষা-২০২২ এর ফরম পূরণের সময় বর্ধিত করণের বিজ্ঞপ্তি

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০২.৯৯.০০২.২২.৪৩৯

তারিখ : ০২-০৮-২০২২ খ্রি.

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে, ২০২২ সালের এইচএসসি (বিএম/বিএমটি), এইচএসসি (ভোকেশনাল) ও ডিপ্লোমা ইন কমার্স পরীক্ষার শিক্ষার্থীদের ফরম পূরণের সময় ২৩-০৮-২০২২খ্রি. তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো। “সোনালী সেবার” মাধ্যমে ‘ফি’ পরিশোধের সময় ২৪-০৮-২০২২ তারিখ পর্যন্ত পুনঃনির্ধারণ করা হলো। যে সকল প্রতিষ্ঠান এখনো শিক্ষার্থীদের TC, PC নম্বর প্রেরণ করতে পারেনি সে সকল প্রতিষ্ঠানকে বোর্ড নির্ধারিত প্যানেলের মাধ্যমে অনলাইনে TC, PC নম্বর প্রেরণের সময় ২২-০৮-২০২২খ্রি. তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো।

উল্লিখিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষার্থীদের ফরম পূরণের কাজ সম্পন্ন করবেন এবং শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান বিষয়টি নিশ্চিত করবেন। কোন শিক্ষার্থী ধারাবাহিক পরীক্ষায় অকৃতকার্য হলে তার ফরম পূরণ করা যাবে না। পরীক্ষার্থীর নিকট হতে কোনো ভাবেই নির্ধারিত ফি এর অতিরিক্ত ফি গ্রহণ করা যাবে না। এ বিষয়ে সুনির্দিষ্ট প্রমাণ পাওয়া গেলে বিধি মোতাবেক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।

পরীক্ষার্থীদের প্রবেশপত্র ও অন্যান্য মালামাল গ্রহণের সময় অবশ্যই প্রতিষ্ঠানের অ্যাফিলিয়েশন ফি জমাদানের রশিদ (মূলকপি) দেখাতে হবে। TC, PC, ফরম ফিলাপের হার্ডকপি, BTEB Payment Voucher জমা এবং প্রবেশপত্র ও আনুষঙ্গিক মালামাল বিতরণের সময়সূচী পরবর্তীতে জানানো হবে।

(মোঃ কেপায়েত উল্লাহ)

পরীক্ষা নিয়ন্ত্রক

ফোনঃ ০২-৫৫০০৬৫২৫

তারিখ : ০২-০৮-২০২২ খ্রি.

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০২.৯৯.০০২.২২.৪৩৯(১২)

সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

১. সচিব/ পরিচালক (কারিকুলাম)/ পরিচালক (আইটিসি)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২. অধ্যক্ষ/ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন এইচএসসি (বিএম/বিএমটি, ভোক)/ডিপ্লোমা-ইন-কমার্স শিক্ষাক্রম পরিচালিত প্রতিষ্ঠান।
৩. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক-ডিপ্লোমা/সনদ/গোপনীয়/ভোকেশনাল, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. উপ-সচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. সিস্টেম এনালিস্ট-১, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৬. উপ পরিদর্শক (বিএমটি) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. কারিকুলাম বিশেষজ্ঞ (বিএমটি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. ডকুমেন্টেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. সহকারি পরীক্ষা নিয়ন্ত্রক (বিতরণ), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. নিরাপত্তা কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২. সংশ্লিষ্ট নথি।

(মোঃ সুলতান হোসেন)

উপ পরীক্ষা নিয়ন্ত্রক (বিএমটি)

ফোনঃ ০২-৫৫০০৬৫২৯